

জুনিয়র বৃত্তি পরীক্ষায় মাইলস্টোন কলেজের চমকপ্রদ সাফল্য

জনকণ্ঠ ডেস্ক ॥ ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষার ফলাফলে চমকপ্রদ সাফল্য পেয়েছে রাজধানীর উত্তরার স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান মাইলস্টোন কলেজ। বাংলা মাধ্যম ও ইংরেজি ভাষনে বৃত্তি অর্জন করেছে ১৫২ শিক্ষার্থী। মেধাবৃত্তি পেয়েছে ৪৭ জন এবং ১০৫ জন পেয়েছে সাধারণ বৃত্তি।

সূত্র মতে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে সংশ্লিষ্ট থানার আওতায় প্রাপ্ত ৪৯টি মেধাবৃত্তির মধ্যে ৪৭টি অর্জন করেছে মাইলস্টোন কলেজের শিক্ষার্থীরা। অন্যদিকে, ১০৫টি সাধারণ বৃত্তির সব অর্জন করে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে মাইলস্টোন কলেজ।

এ বিষয়ে মাইলস্টোন কলেজের অধ্যক্ষ মোহাম্মদ জিয়াউল আলম বলেন, 'নিয়মিত পাঠদান, নিবিড় তদারকি, শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টা ও অভিভাবকদের সার্বিক সহযোগিতা এ চমকপ্রদ অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।'

জুনিয়র বৃত্তি পরীক্ষায় অনন্য সাধারণ ফলাফল অর্জন করায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন মাইলস্টোন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি মিসেস মমতাজ বেগম, প্রতিষ্ঠানের উপদেষ্টা কর্নেল নুরন নবী (অব.) এবং মাইলস্টোন প্রিপারেটরি কেজি স্কুলের নির্বাহী অধ্যক্ষ মিসেস রিফাত নবী আলম।

১৭ বছর পর ২০২৫ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত জুনিয়র বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয় ২০২৬ সালের ২৫ ফেব্রুয়ারি। এতে ৯টি শিক্ষা বোর্ডে মেধা ও সাধারণ মিলিয়ে বৃত্তি পেয়েছে ৪৬ হাজার ২০০ জন। ঢাকা শিক্ষা বোর্ডে মেধা বৃত্তি পেয়েছে ৩ হাজার ৬২২ জন এবং সাধারণ বৃত্তি পেয়েছে ৭ হাজার ৭৬২ জন।- বিজ্ঞপ্তি